গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

www.khdc.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন রাজস্ব খাতে/সদ্য জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট **"সহকারী শিক্ষক"** পদে নিম্নেবর্ণিত বেতনস্কেলে অস্থায়ীভাবে নিয়োগের জন্য শুধুমাত্র খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে আবেদনপত্রের নমুনা ফরমে স্বহস্তে লিখা দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম ও সংখ্যা	বয়স	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা
১।	সহকারী শিক্ষক (প্রাক-প্রাথমিক/রাজস্ব) *[সদর-২৭টি, দীঘিনালা- ৫৩টি, পানছড়ি- ৩৫টি, মহালছড়ি- ৩২টি, মাটিরাংগা- ৩৪টি, রামগড়- ১৬টি, মানিকছড়ি- ১৯টি, লক্ষীছড়ি- ২৫টি, গুইমারা- ১৭টি* সর্বমোট পদের সংখ্যা ২৫৮(দুইশত আটান্ন)টি] *(শুন্য পদের সংখ্যা কম/বেশী হতে পারে।)*	১৮ হতে সর্বোচ্চ ৪০ বছর (শর্তাবলীর ৬নং ক্রমিক অনুযায়ী)	১১,০০০-২৬,৫৯০/- টাকা (গ্রেড-১৩) জাতীয় বেতন স্কেল,২০১৫ অনুযায়ী)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। **(নিয়োগ বিধি ২০১৯ অনুযায়ী)**

শর্তাবলী ঃ-

১। আবেদনকারীকে মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি বরাবরে **'দরখাস্তের নমুনা ছক'** অনুযায়ী পূর্ণনাম ও স্বাক্ষরসহ স্বহস্তে ছক পূরণ পূর্বক আবেদন ০৫(পাঁচ)নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী **৩১ মার্চ, ২০২১** তারিখ রোজ বুধবার বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে **জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি** এর কার্যালয়ে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পর সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন দরখাস্ত/আবেদন গ্রহণ করা হবে না।

২। প্রার্থীকে অবশ্যই সহকারী শিক্ষক পদের প্রকৃতি উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। এ ক্ষেত্রে পদের প্রকৃতি উল্লেখ না থাকলে কিংবা অনিবার্য কারণে পদের প্রকৃতি পরিবর্তনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩। দরখাস্তকারী যে উপজেলার স্থায়ী বাসিন্দা তাঁর প্রার্থিতা উক্ত উপজেলার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকবে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে। বিবাহিতা প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানা উল্লেখ করে দরখাস্ত করতে পারবেন। তবে, এ দুটি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন, তাঁর প্রার্থিতা সেই উপজেলার কোটায় বিবেচিত হবে।

৪। নির্ধারিত আবেদনপত্রের ফরম ও প্রবেশপত্র প্রার্থীকে স্বহস্তে লিখে পূরণ করতে হবে। আবেদনকারী আবেদন ফরমে ও প্রবেশপত্রের স্বাক্ষরের স্থানে স্বহস্তে স্বাক্ষর করবেন। আবেদন ফরম ও প্রবেশপত্রের স্বাক্ষরের স্থানে প্রার্থী কর্তৃক স্বহস্তে স্বাক্ষর না করলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে। অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোনো পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। **আবেদনকারীর আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত সনদপত্রের ফটোকপি এবং ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবেঃ**

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কতৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(গ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সংযুক্ত ছকে উল্লিখিত তথ্য ও চাহিত সকল প্রকার সনদপত্র;

(ঘ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্র;

(ঙ) অন্যান্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

(চ) পোষ্য কোটার প্রার্থীদের(১২নং শর্ত মোতাবেক) ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক সদ্য (৩১ জানুয়ারি,২০২১ তারিখের পূর্বে স্বাক্ষরিত নয়) প্রদত্ত পোষ্য সনদপত্র;

(ছ) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে সংশ্লিষ্ট সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র;

(জ) আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ৪০০/= (চারশত) টাকা (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং **২০০০২৫২২৬** -এ জমা দিয়ে জমা স্লীপের মুলকপি সংযুক্ত করতে হবে।

৬। **০১ মার্চ,২০২১** তারিখে প্রার্থীর বয়স জনপ্রশাসন মন্ত্রণালয় (পূর্বের সংস্থাপন মন্ত্রণালয়) এর ১৬/০১/১৯৮৫ ইং তারিখের এসই/ আরআই/এস-১৩/৮৪ (পিটি-১) -২০(৭৫) , ১০/০২/১৯৯১ইং তারিখের সম(এডি-২)-৩৯/৯১-১৪৩নং স্মারক এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২৬/৯/২০০৪ইং তারিখের পাচবিম(প-১) নিঃশর্ত/১৪৭/ ২০০৪-১৬৫নং স্মারক মোতাবেক মুক্তিযোদ্ধা কোটাসহ সকল ক্যাটাগরীর প্রার্থীদের ক্ষেত্রে ১৮ হতে সর্বোচ্চ ৪০ বছর। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। চাকুরীরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে দরখাস্ত পৌছাতে হবে। দরখাস্তের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৮। নির্বাচিত প্রার্থীকে যে উপজেলায় নিয়োগ দেয়া হবে, তাঁকে আবশ্যিকভাবে সে উপজেলায় চাকুরী করতে হবে মর্মে রাজী থাকলে আবেদন করতে অনুরোধ করা হলো, অন্যথায় আবেদন করার প্রয়োজন নেই।

৯। **দরখাস্তের নমুনা ছক, মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে অতিরিক্ত তথ্য ছক** এবং **প্রবেশ পত্রের নমুনা ছক** খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় এবং সকল উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইটে (www.khdc.gov.bd) পাওয়া যাবে।

১০। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবল মাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে। মৌখিক পরীক্ষার ফলাফল (৯নং শর্ত বর্ণিত) সংশ্লিষ্ট কার্যালয়ে/ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য কোন কার্ড ইস্যু করা হবে না।

25.2.21

১১। আবেদনকারীগণকে আবেদনপত্রের খামের উপর লালকালি দ্বারা পদের নাম ও ধরণ, উপজেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে। বিভিন্ন কোটার প্রার্থীদের ক্ষেত্রে খামের ডান পাশে প্রযোজ্য কোটার নাম উল্লেখ করতে হবে।

১২।'পোষ্য' অর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক/প্রধান শিক্ষক পদে নিয়োজিত আছেন বা ছিলেন এমন শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকলে বা চাকুরিতে থাকলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকতেন এবং উক্ত শিক্ষকের তালাকপ্রাপ্তা বা বিধবা স্ত্রী বা বিপত্নীক স্বামী (যেক্ষেত্রে যেটি প্রযোজ্য) যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন, ক্ষেত্রমত তিনি জীবিত থাকলে অনুরূপভাবে নির্ভরশীল থাকতেন। মৌখিক পরীক্ষার সময় পোষ্য প্রার্থীদেরকে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ অর্থাৎ **৩১ জানুয়ারি,২০২১** তারিখ পর্যন্ত তিনি পোষ্য ছিলেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। উল্লিখিত সনদ দাখিল করতে কোন প্রার্থী ব্যর্থ হলে তিনি পোষ্য কোটার পরিবর্তে সাধারণ কোটার প্রার্থী গণ্য হবেন।

১৩। নিয়োগের ক্ষেত্রে নিয়োগবিধি অনুযায়ী কোটা নীতি অনুসরণ করা হবে। তাছাড়া, পরিষদ আইন মোতাবেক এ জেলার উপজাতীয় স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দিয়ে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক অনুসৃত সম্প্রদায় ভিত্তিক কোটা যথারীতি অনুসরণ করা হবে।

১৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল প্রকার মূল সনদপত্র উপস্থাপন করতে হবে। মৌখিক পরীক্ষায় লিখিত পরীক্ষার জন্য ইস্যুকৃত কার্ড প্রদর্শন করতে হবে।

১৫। প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য নির্বাচিত প্রার্থীকে প্রাক-প্রাথমিক শিক্ষাদান সংক্রান্ত বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। শুধুমাত্র প্রশিক্ষণে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদেরকে রাজস্বখাতে সৃজিতব্য সহকারী শিক্ষক পদে নিয়মিত বেতন স্কেলে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে।

১৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

২৮.২.২১
(মংসুইপ্রু চৌধুরী)
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।

স্মারক নং ২৯.২৩৬.০১১.৩৩.০৪.০০৯.২০২১- ২৯৫(১০০), **তারিখঃ ২৮ ফেব্রুয়ারি,২০২১খ্রি.**

অনুলিপিঃ সদয় অবগতি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে

১. জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা, এমপি, মাননীয় চেয়ারম্যান,(প্রতিমন্ত্রী পদমর্যাদা) শরণার্থী/উদ্বাস্তু পুনর্বাসন বিষয়ক টাস্কফোর্স, খাগড়াছড়ি।
২. চেয়ারম্যান,(প্রতিমন্ত্রী পদমর্যাদা),পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ,রাংগামাটি।
৩. জনাব বাসন্তী চাকমা,এমপি,মহিলা আসন-৯,খাগড়াছড়ি।
৪. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ,রাংগামাটি/বান্দরবান।
৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় / পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
৭. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন।
৮. জেলা প্রশাসক,খাগড়াছড়ি।
৯. উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ,চট্টগ্রাম।
১০. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
১১. জনাব...
১২. পুলিশ সুপার, খাগড়াছড়ি।
১৩. উপজেলা নির্বাহী অফিসার..(সকল), খাগড়াছড়ি।
১৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি।
১৫. উপজেলা শিক্ষা অফিসার, ...(সকল), খাগড়াছড়ি।
১৬. সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ,ঢাকা./দৈনিক খোলা কাগজ,ঢাকা/ দৈনিক অরণ্য বার্তা/ দৈনিক সবুজ পাতার দেশ, খাগড়াছড়ি-কে আগামী ৩(তিন)দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি পত্রিকার একটি সংখ্যায় ছাপিয়ে যথারীতি বিল প্রেরণ করতে অনুরোধ করা হলো।
১৭. আইটি অফিসার,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি-কে বিজ্ঞপ্তিটি (দরখাস্তের নমুনা ছক এবং প্রবেশপত্র ফরমসহ) এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮. জনাব ....জেলা প্রতিনিধি(সংবাদপত্র),খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।